# পুনর্বিবেচনার আবেদন নং ০৩১/২০২৪

**বিষয় ঃ দরপত্র মূল্যায়নে অনিয়ম হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৫৬ বিধি অনুযায়ী রিভিউ প্যানেলে আপিল দায়ের (দরপত্র আইডি নম্বর ৮৮৮৮০৫)**

**বাদি ঃ** ইঞ্জিনিয়ার মোঃ আল মামুন, ডাইরেক্টর (ডেভেলপমেন্ট), মোহাম্মদ ইউনুস এন্ড ব্রাদার্স (প্রাঃ) লিঃ এর পক্ষে, ইউনুস বিজনেস সেন্টার, Equity G.F. Fartune Mall (Beside Mimi Super Market) (17th floor), 1 no. Baijid Bostami Road Panchlaish, Chattogram.

**বিবাদি ঃ** প্রকল্প পরিচালক (নির্বাহী প্রকৌশলী), বরিশাল বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালিকরণ প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালি।

**সংক্ষেপে আপীলের বিষয়**

(১) রিভিউ প্যানেল ৩ ও ৫ এর আদেশ অমান্য করে বর্ণিত দরপত্র মূল্যায়ন শেষে ২০/০২/২৪ তারিখে NOA প্রদান করা;

(২) নিজের অভিজ্ঞতার সনদ প্রদান না করে বরেন্দ্র কন্সট্রাকশন লিঃ উহার সকল পরিচালক ও শেয়ারহোল্ডারগণের নিজ নিজ অভিজ্ঞতার সনদ একত্রীত করে জমা দান করা;

(৩) যোগ্যতার মানদন্ডে ৫ বছরের অভিজ্ঞতা চাওয়া হয়েছে, যা বরেন্দ্র কন্সট্রাকশন লিঃ এর নেই। কারণ বরেন্দ্র কন্সট্রাকশন ২৯/০৮/২৩ তারিখে নিবন্ধন লাভ করে;

(৪) ৪০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে টেন্ডার চুক্তির মাধমে অর্থ্যাৎ অরেজিস্ট্রিকৃত দলিলের মাধ্যমে একজন ব্যাক্তি/ফার্ম/কোম্পানির সম্পদ/সম্পদ /ব্যবসায়ের সুনাম ও দেনা পাওনা একত্রে সবকিছুই কোম্পানির নামে হস্তান্তর দেখানো;

(৫) একইভাবে রিভিউ প্যানেল ৩ ও ৫ এর সিদ্ধান্তে স্থানীয় সরকার অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলীর আহবানকৃত **দরপত্র আইডি নং ৮৮৮৮০৫** এর মূল্যায়নে সাতটি ফার্মের পূর্ব অভিজ্ঞতা যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা বরেন্দ্র কনস্ট্রাকশন লি:-এর নামে দেখিলে দরপত্রটির মূল্যায়ন যথাযথ ও বিধিসম্মত হয়নি আদেশ প্রদান সত্বেও একইভাবে মূল্যায়ন করা;

**৬. এমতাবস্থায় আদেশ হচ্ছে:-**

(ক) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালি কর্তৃক আহবানকৃত দরপত্র আইডি নং **৮৮৮৮০৫** এর মূল্যায়নে মূল্যায়ন কমিটি ৭ (সাত) টি প্রোপ্রাইটরি ফার্মের পূর্ব অভিজ্ঞতা/যোগ্যতা সহ অন্যান্য বিষয় যেভাবে পিপিএ/পিপিআর-এর সংস্থান ব্যতিরেকে ৭ (সাত) প্রোপ্রাইটরি ফার্মের স্বত্বাধিকারী ব্যক্তির মূলধনে নবগঠিত বরেন্দ্র কন্সট্রাকশন লিঃ এর যোগ্যতা ও অভিজ্ঞতা দেখিয়ে দরপত্র মূল্যায়ন করেছে তা যথাযথ ও বিধিসম্মত হয়নি;

(খ) অনুরূপ বিষয়ে রিট মামলা ৫৮৫/২০২৪ ও সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ২৫৫-২৫৬ অফ ২০২৪ উচ্চ আদালতে বিচারাধীন আছে বিধায় বিপিপিএ পদক্ষেপ গ্রহণে বর্ণিত মামলাসমূহের চূড়ান্ত আদেশ বিবেচনায় নেবে;

(খ) বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি) এই বিষয়ে ৪(২)(ক), ৪(২) (খ), ৪(২)(গ), ৪(২)(ঘ), ৪(২) (ঙ) এবং ৪(২)(চ) উল্লিখিত মতামত জারী করেছে,মতামতসমূহ স্পষ্ট হলেও ক্রয়কারিগণ ভিন্নভাবে ব্যাখ্যা করছেন এবং ব্যবহার করছেন যা আইনী জটিলতার সৃষ্টি করছে/মামলা মোকদ্দমার ক্ষেত্র তৈরি হচ্ছে। এমতাবস্থায় সকল মতামত পর্যালোচনা করে ও এতদসংক্রান্ত উচ্চ আদালতে বিচারাধীন রিট পিটিশন/লিভ টু আপীল-এর চূড়ান্ত রায় এর আলোকে একটি সুগঠিত স্পষ্টিকরণ জারী করার জন্য নির্দেশনা প্রদান করছে।

(গ) বাদির নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা যেতে পারে।

| | | |
|---|---|---|
| (ড. নাদিয়া বিনতে আমিন) | (নুরুজ্জামান) | (মোঃ ফারুক হোসেন) ২৬/৮/২৪ |
| সদস্য | সদস্য | চেয়ারপারসন |
| রিভিউ প্যানেল-৩ | রিভিউ প্যানেল-৩ | রিভিউ প্যানেল-৩ |
| | জেলা ও দায়রা জজ (অবঃ) | (সরকারের সাবেক সচিব) |